

‘সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন কমিটি’র সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মেহরুবা ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার, আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা  
সভার স্থান: : উপজেলা পরিষদ সভা কক্ষ।  
সভার তারিখ: : ১৯ সেপ্টেম্বর ২০২২  
সময়: : সকাল- ৯.৩০টায়  
উপস্থিতি: : পরিশিষ্ট-ক

‘সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন কমিটি’র আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। তিনি জানান, রাষ্ট্র ও সমাজের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠার প্রত্যয়ে প্রনীত “জাতীয় শূদ্ধাচার কৌশল” এর আলোকে সুখী সমৃদ্ধ সোনার বাংলা বাস্তবায়নের নিমিত্ত আলীকদম উপজেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিকভাবে সেবাগ্রহীতার নিকট স্বচ্ছতা এবং জবাবদিহিতা বজায় রেখে প্রতিশ্রুত সেবা পৌঁছে দেয়ার নিমিত্ত ‘সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন কমিটি’ গঠন করা। তিনি সকলের জ্ঞাতার্থে ‘নৈতিকতা কমিটি’র কার্য পরিষি পড়ে শুনান।


‘সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন কমিটি’ কমিটির কার্যপরিষি:

- কমিটি উপজেলা পর্যায়ে সকল দপ্তরে সিটিজেন চার্টার প্রদর্শন করার লক্ষ্যে সক্রিয় ভূমিকা পালন করবে;
- সিটিজেন চার্টার অনুসারে প্রদেয় সেবা যথাযথ মূল্যমান অনুসারে প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষন করবে;
- উপজেলা পর্যায়ে সেবা গ্রহিতা সেবা গ্রহণে কি কি প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন তা লিপিবদ্ধ করবে এবং আইন বিধি মতে সম্ভাব্য সমাধানের পথ খুঁজে বের করবেন;
- সিটিজেন চার্টার অনুসারে সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রচার ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ করবে;
- নিয়মিত সভা আহ্বানের মাধ্যমে উপজেলার সামগ্রিক অগ্রগতি পর্যালোচনা করবে;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে।

অতঃপর, সভায় কমিটির কার্যপরিষি অনুসারে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা অনুসারে গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	উপজেলা পর্যায়ে সকল দপ্তরে সিটিজেন চার্টার প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ
২	সিটিজেন চার্টার অনুসারে প্রদেয় সেবা যথাযথ মূল্যমান অনুসারে প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	‘সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন কমিটির সদস্য (সকল)
৩	উপজেলা পর্যায়ে সেবা গ্রহিতা সেবা গ্রহণে কি কি প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন তা লিপিবদ্ধ করা এবং আইন বিধি মতে সম্ভাব্য সমাধানের পথ খুঁজে বের করার নিমিত্ত অবিলম্বে কমিটির সভা আহ্বানপূর্বক উক্ত সমস্যা হতে উত্তোরণের উপায় বের করার সিদ্ধান্ত গৃহীত হয়।	আহ্বায়ক/সদস্য সচিব, নৈতিকতা কমিটি।
৪	সিটিজেন চার্টার অনুসারে সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রচার ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ, আলীকদম উপজেলা।
৫	নিয়মিত সভা আহ্বানের মাধ্যমে উপজেলার সামগ্রিক অগ্রগতি পর্যালোচনা করে সভার অগ্রগতি উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর অগ্রগতি প্রতিবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	আহ্বায়ক/সদস্য সচিব, নৈতিকতা কমিটি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় উত্থাপিত না হওয়ায় আগামী সভায় সকলের উপস্থিতি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মেহরুবা ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার  
আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।



